

- ৫। মদুসূন দত্তের মহাকাব্যিক ধারা কিংবা বিহারীলালের রোম্যান্টিসিজম-এরও আগে উনিশ শতকের সূচনালগ্নে ঈশ্বর গুপ্ত লিখে ফেললেন একের পর এক ‘রিয়েলিস্ট’ কবিতা। উনিশ শতকের প্রথমার্ধে বাংলা কবিতার এই চলন কীভাবে সম্ভব হল বলে তুমি মনে কর? বুবিয়ে লেখো।
- ৬। রামমোহন-পূর্ববর্তী বাংলা গদ্যের ধারাটিকে মনে রেখে বাংলা গদ্যের বিকাশে রামমোহনের অবদান সম্পর্কে আলোচনা করো।

বিভাগ - খ

- ১। বঙ্গভঙ্গ-বিরোধী আন্দোলনের প্রভাবে বাংলা সাহিত্যে কয়েকটি নতুন প্রবণতার বিকাশ ঘটে। এই প্রসঙ্গে তোমার পর্যবেক্ষণ লিপিবদ্ধ করো।
- ২। প্রগতি সাহিত্য আন্দোলন বাংলা কবিতার জগতে ভিন্ন স্বর-সংযোজনে কীভাবে সমর্থ হল দৃষ্টান্তসহ আলোচনা করো।
- ৩। দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রত্যক্ষ ধ্বংসলীলার শিকার না হলেও বাঙালি যাপন যুদ্ধের পরোক্ষ অভিঘাতের গভীর যন্ত্রণাকে কীভাবে ধারনা করে থাকে, বাংলা কথাসাহিত্যের প্রেক্ষিতে আলোচনা করো।
- ৪। নকশাল আন্দোলন কী বাংলা সাহিত্যে কোনও নতুন মাত্রা যুক্ত করতে সক্ষম হল — দৃষ্টান্তসহ তোমার মতামত লেখো।

কলা মাত্রকোত্তর অন্ত্য সেমেষ্টার পরীক্ষা, ২০২২

(প্রথম বর্ষ, দ্বিতীয় সেমেষ্টার)

বাংলা

কোর্স : পি.জি. ২.১

বাংলা সাহিত্য ও সংস্কৃতির ইতিহাস (আধুনিক যুগ)

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

দুটি বিভাগ থেকে অন্তত একটি করে প্রশ্নসহ মোট তিনটি প্রশ্নের উত্তর লেখো। প্রশ্নগুলি সমমানের।

বিভাগ - ক

- ১। আঠারো শতকের শেষার্ধ ও উনিশ শতকের প্রথমার্ধের কলকাতাকে ঘিরে যে সাংস্কৃতিক পরিমণ্ডল তেরি হয়েছিল তার সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ২। স্ত্রীশিক্ষা এবং মেয়েদের জীবনচর্যা-সংক্রান্ত যে সমাজসংস্কারগুলি ঘটেছিল, সেই প্রসঙ্গ উনিশ শতকের সাহিত্যে কীভাবে ধরা দিয়েছে, তা পর্যালোচনা করো।
- ৩। উনিশ শতকের বাংলা উপন্যাসে ইতিহাসের আশ্রয় কীভাবে জাতীয়তাবাদের একটি বয়ান তেরি করেছিল তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

অর্থবা

- ৪। পরাধীনতার বেদনা ও স্বাধীনতার আকাঙ্ক্ষার প্রকাশ উনিশ শতকের সাহিত্যে একটি গুরুত্বপূর্ণ প্রসঙ্গ। বিষয়টি আলোচনা করো।